

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নম্বর : ২২৪১-২০৬০, ওয়েবসাইট : www.wbcuta.org

সার্কুলার- ০৩/২০২২

তারিখ : ২৯-০৯-২০২২

কনভেনর প্রাইমারী ইউনিট,/ সম্পাদক জেলা কমিটি

-----কলেজ/বিশ্ববিদ্যালয়

প্রিয় সার্থী,

আশা করি সকলেই সুস্থ আছেন। আজ বিকাশ ভবনে সমিতির সভাপতি, সহ-সভাপতি, সাধারণ সম্পাদক, যুগ্ম সম্পাদকদ্বয় ও কর্মসমিতির সদস্য সহ নেতৃবৃন্দ মাননীয় DPI অধ্যাপক জয়শ্রী রায়চৌধুরীর সাথে সাক্ষাৎ করে একটি স্মারকলিপি পেশ করেন। বিভিন্ন বিষয়ে মাননীয় DPI -এর সাথে বিস্তারিত আলোচনা করেন নেতৃবৃন্দ। অধ্যাপকদের HRA বিষয়ে বেসরকারী প্রতিষ্ঠানে চাকুরীরত Spouse দের ceiling চালু করা এবং তা ২০২০ সালের হায়ার এডুকেশন ডিপার্টমেন্টের অর্ডার মোতাবেক রেট্রোসপেকটিভ এফেক্ট দিয়ে চালু করার তীব্র প্রতিবাদ জানায় ওয়েবকুটা।

SACT 1 এবং 2 ক্যাটাগরির শিক্ষকদের সপ্তাহে কতদিন, কটা ক্লাস এবং প্রতিদিন কত ঘণ্টা করে কলেজে উপস্থিত থাকতে হবে সে বিষয়ে সুনির্দিষ্ট নির্দেশিকার দাবি জানানো হয়। সেই সঙ্গে SACT বন্ধুরা Study Leave - এ গেলে তাঁদের ঐ সময়ের বেতন এককালীন বকেয়া হিসাবে না দিয়ে ধারাবাহিকভাবে প্রদানের দাবি সহ বর্তমান Leave Rule এ Child Care Leave যুক্ত করার দাবি জানানো হয়। দীর্ঘদিন CWTT এবং PTT হিসাবে কর্মরত SACT 1 এবং 2 ক্যাটাগরিতে উন্নীত সহকর্মী বন্ধুদের আনুপাতিক বেতন বৃদ্ধির বিষয়েও DPI-কে যথাযথ পদক্ষেপ গ্রহণে অনুরোধ জানায়।

আলোচনার অন্যতম বিষয় ছিল Pay-Scale এ সমস্তের বিরাজ করা অধ্যাপকদের (Ph.D. নিয়ে Stage-4 এ উন্নীত হওয়া এবং Stage-4 এ উন্নীত হয়ে Ph.D ডিগ্রী অর্জনকারীদের) বেতনের ফারাক।


পাশাপাশি নেতৃত্ব ষষ্ঠ পে কমিশনের সুপারিশে ঘোষিত G.O. (No. 1306-(22) -Edn-(U)/EH/1U-77/17 (Dated 30.12.2019) এ UGC নোটিফিকেশনের মান্যতা না দিয়ে ২০১২.২০১৬ থেকে স্কেল নোশনালি চালু করে ০১.০১.২০১৬ থেকে ৩১.১২.২০১৯ পর্যন্ত বকেয়ার বঞ্চনা এবং অর্ডারে UGC এর পরিবর্তে "ROPA" এর আওতায় নতুন বেতনক্রমকে নিয়ে আসার পুনরায় প্রতিবাদ জানায়।

২০০৬ সালের বেতন কমিশনের সুপারিশ অনুযায়ী অনাদায়ী বকেয়া বেতন (৫.৪ শতাংশ) প্রদানের বিষয়ে নেতৃত্ব DPI কে কার্যকরী উদ্যোগ গ্রহণে অনুরোধ জানায়। প্রসঙ্গত উল্লেখ্য, এই বিষয়ে অধ্যাপক সমিতি দীর্ঘদিন যাবৎ ন্যায্য প্রাপ্তির দাবি জানিয়ে আসছে। এ ছাড়া অধ্যাপক সমিতি মাননীয় D.P.I.কে ২০১৮ তে প্রকাশিত UGC Guideline-এর ভিত্তিতে নতুন CAS Promotion Rules অবিলম্বে প্রকাশের দাবি জানায়। প্রসঙ্গত উল্লেখ্য এই বিষয়ে সমিতি ৫ ডিসেম্বর, ২০২০ মাননীয় শিক্ষামন্ত্রীকে চিঠি দিয়ে প্রথম এ বিষয়ে দাবি জানিয়েছিল।

চাকরী জীবন সম্পূর্ণ করা এবং স্বেচ্ছা-অবসর নেওয়া শিক্ষকদের পেনশন চালু করার ক্ষেত্রে বিকাশ ভবনে অনাবশ্যক বিলম্ব হচ্ছে। এ বিষয়ে নেতৃত্ব স্ফোভ ব্যক্ত করে দ্রুততার সাথে এ বিষয়ে যথাযথ উদ্যোগ গ্রহণের অনুরোধ জানায়।

সকল বন্ধুদের শারদীয় আগাম শুভেচ্ছা জানাই।

ধন্যবাদান্তে,



(কেশব ভট্টাচার্য)

সাধারণ সম্পাদক